দৈনিক বাংলা
তারিখ ... 28 JUN 1995 ...
পৃষ্ঠা ১ কলাম ৪ ...

72

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

# আজ ঢাকা ভার্সিটি সিনেট অধিবেশন

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আজ বুধবার বিকাল ৪টায় ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশন শুরু হচ্ছে।

বিশ্ববিদ্যালয় প্রশাসনিক ভবনের সভাকক্ষে এ অধিবেশন অনুষ্ঠিত হবে। সভায় বিশ্ববিদ্যালয়ের ১৯৯৫–৯৬ বাজেট পেশ ও অনুমোদন দেয়া হবে।

(৮–এর পৃঃ ৫–এর কঃ দ্রঃ)

## আজ ঢাকা ভার্সিটি

(প্রথম পৃষ্ঠার পর)

এছাড়া এ অধিবেশনে একজন বিশিষ্ট শিক্ষাবিদ, সিন্ডিকেটে একজন রেজিস্টার্ড গ্রাজুয়েট প্রতিনিধি ও একজন বিশিষ্ট নাগরিক প্রতিনিধি নির্বাচন করা হবে।

সিনেট অধিবেশনে সিনেট সদস্যদের বিভিন্ন প্রশ্নের জবাব দেয়া হবে। অধিবেশন দুইদিন চলতে পারে বলে জানা গেছে।

**জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়**

আগামীকাল জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয় সিনেটের ১৪তম বার্ষিক অধিবেশন শুরু হবে। দুই দিনব্যাপী অধিবেশনে ১৯৯৫–৯৬ অর্থ বছরের বার্ষিক বাজেট পেশ করা হবে।

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের এক প্রেস বিজ্ঞপ্তিতে বলা হয়েছে, এই সিনেট অধিবেশনে দুইজন সিন্ডিকেট সদস্য, একজন বিশিষ্ট নাগরিক ও অর্থ কমিটিতে একজনের মনোনয়নের বিষয় বিবেচনা করা হবে।

**ডাকসু প্রতিনিধি**

**বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ** আজ বুধবার ঢাকা বিশ্ববিদ্যালয়ের বার্ষিক সিনেট অধিবেশনে যোগ দেয়ার জন্য মঙ্গলবার ৫ জন ডাকসু প্রতিনিধি মনোনীত করা হয়।

মনোনীতরা হচ্ছেন ছাত্রদলের সাধারণ সম্পাদক নাজিম উদ্দীন আলম, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদলের সভাপতি এবিএম মোশাররফ হোসেন, মাহাবুব তালুকদার, শামসুজ্জামান মেহেদী ও কায়সার কামাল।